গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dbla.gov.bd

নং- নং-১০.০৭.০০০০.০০০.০০২.২৯.০০০২.২৫.৩২০

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**বিষয়: আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬-এর ধারা ২১খ-এর বিধান অনুযায়ী কতিপয় ক্ষেত্রে বাধ্যতামূলক মামলাপূর্ব মধ্যস্থতা (Pre-case Mediation) কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

সূত্র: এস.আর.ও. নং ২৭৬-আইন/২০২৬, প্রকাশিত: ০৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার এস.আর.ও. নং ২৭৬-আইন/২০২৬, তারিখ: ০৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ-এর মাধ্যমে আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬ (২০২৬ সনের ৪৫ নং আইন)-এর ধারা ১-এর উপধারা (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন)-এর ধারা ২১খ এবং তফসিলের ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত বিধানসমূহ আগামী ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ হতে বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় ও টাঙ্গাইল জেলায় কার্যকর করার প্রজ্ঞাপন জারি করেছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ১০ (দশ)টি জেলার জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান, বিজ্ঞ জেলা ও দায়রা জজ মহোদয়ের সভাপতিত্বে আগামী ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ, সকাল ৯.০০টা হতে ০৯.৩০টার মধ্যে, একটি সংক্ষিপ্ত উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজনের জন্য অনুরোধ করা যাচ্ছে। উক্ত অনুষ্ঠানের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬-এর ধারা ২১খ অনুযায়ী বাধ্যতামূলক মামলাপূর্ব মধ্যস্থতা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে।

০৩। উল্লেখ্য যে, আগামী ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ, সকাল ৯.০০টা আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের কনফারেন্স কক্ষে কেন্দ্রীয়ভাবে একটি উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে জনাব মো. আসাদুজ্জামান, এমপি, মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। কেন্দ্রীয় অনুষ্ঠান থেকে সংশ্লিষ্ট ১০ (দশ)টি জেলাকে অনলাইনের মাধ্যমে সংযুক্ত করা হবে এবং সকল জেলায় একই সঙ্গে এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে।

০৪। অতএব, উল্লিখিত তারিখ ও সময়ে উদ্বোধনী অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজন এবং কেন্দ্রীয় অনুষ্ঠানের সঙ্গে অনলাইনে সংযুক্ত থাকার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

19.7.26

**(মোঃ মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)
ফোন: ০২-৪১০৩২২৯১ (অ:)
dg@dbla.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ, বগুড়া/ঠাকুরগাঁও/পটুয়াখালী/ভোলা/নাটোর/যশোর/শরীয়তপুর/কক্সবাজার/পঞ্চগড়/টাঙ্গাইল ।

২। সদস্য, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া/ঠাকুরগাঁও/পটুয়াখালী/ভোলা/নাটোর/যশোর/শরীয়তপুর/কক্সবাজার/পঞ্চগড়/টাঙ্গাইল ।

৩। বিজ্ঞ চীফ লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস, বগুড়া/ঠাকুরগাঁও/পটুয়াখালী/ভোলা/নাটোর/যশোর/শরীয়তপুর/কক্সবাজার/পঞ্চগড়/টাঙ্গাইল ।

৪। বিজ্ঞ জেলা লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস, বগুড়া/ঠাকুরগাঁও/পটুয়াখালী/ভোলা/নাটোর/যশোর/শরীয়তপুর/কক্সবাজার/পঞ্চগড়/টাঙ্গাইল ।

নং-১০.০৭.০০০০.০০০.০০২.২৯.০০০২.২৫.৩২০(৭)

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

**অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৪। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/মনিটরিং), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫। মহাপরিচালক পরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।

**(মোঃ আশরাফুজ্জামান)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৪ (অ:)
adadmin@dbla.gov.bd